গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মেলান্দহ, জামালপুর
www.melandah.jamalpur.bd

জুন/২০২৪ মাসের উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি সভার কার্যবিবরণী

সভাপতি : মাহবুবা হক
উপজেলা নির্বাহী অফিসার, মেলান্দহ, জামালপুর।
সভার স্থান : মির্জা আজম আধুনিক অডিটরিয়াম ২য় তলা (হল রুম)।
সভার তারিখ : ৩০-০৬-২০২৪ খ্রি.।
সময় : সকাল ১১.০০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "ক" অনুপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট "খ"

সভার প্রারম্ভে সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন আপত্তি/সংশোধনী/ সংযোজন/বিয়োজন না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। অত:পর উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলার বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচ্যসূচি: ০১ | **মেলান্দহ উপজেলার তুলনামূলক অপরাধচিত্র পর্যালোচনা:**<br><br>অফিসার ইনচার্জ, মেলান্দহ থানা, মেলান্দহ জামালপুর জানান, উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি বিগত মাসের তুলনায় ভালো। তিনি জানান, সামাজিক যোগাযোগ মাধ্যমের অপব্যবহার আমাদেরকে ভয়াল অন্ধকারের দিকে নিয়ে যাচ্ছে। তরুণ প্রজন্ম ফেসবুক তথা সোশ্যাল মিডিয়ায় মাত্রারিক্ত আসক্ত। মানুষের সঙ্গে মানুষের দূরত্ব বৃদ্ধি করা, মানুষের সঙ্গে প্রতারণা বাড়িয়ে দেওয়া, আর্থিক ক্ষয়-ক্ষতিসহ এমন কিছু নেই যা সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করে করা হচ্ছে না। ড্রাগের আসক্তির চেয়েও সিরিয়াস হয়ে যাচ্ছে এ আসক্তি। সামাজিক মাধ্যমে বিভিন্ন আপত্তিকর কন্টেন্ট কিশোর-কিশোরীদের মানসিকতায় অস্বাভাবিক সব পরিবর্তন এনে দিচ্ছে। ধর্ষণ-নারী-নির্যাতন-খুন-গুমের প্রবণতা তৈরির পেছনেও রয়েছে এই সামাজিক যোগাযোগ মাধ্যমের চর্চা। তিনি জানান, গরু চুরির ঘটনা প্রতিরোধের জন্য স্পেশাল টিম গঠন করা হয়েছে এবং গরু চোরদের পাহারা দেওয়ার কার্যক্রম চলমান আছে এবং নিয়মিত টহল দেয়া হচ্ছে। তিনি বাল্য বিবাহ প্রতিরোধে সামাজিকভাবে সচেতন হওয়ার জন্য পরামর্শ প্রদান করেন। তিনি জানান, মাদকের ব্যাপারে আইনশৃঙ্খলা বাহিনী অনেক সতর্ক। মাদকের ব্যাপারে কোন তথ্য পাওয়ার সাথে সাথে অভিযান পরিচালনা করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। জোয়াড়ীদের প্রতিরোধকল্পে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের সহযোগিতা নিয়ে অভিযান পরিচালনা করার বিষয়ে মতামত ব্যক্ত করেন। তিনি আরও বলেন, আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য আমরা সর্বদাই কাজ করে যাচ্ছি। জুন/২০২৪ মাসে অত্র উপজেলায় মোট মামলা হয়েছে ২১টি, মাদক ০৫টি, চুরি ০৩টি, নারী ও শিশু নির্যাতন ০৫টি, অন্যান্য ০৮টি। তাছাড়া বিভিন্ন জায়গায় অভিযানে গাঁজা ২৬ কেজি ৯১০ গ্রাম, হেরোইন ০২ গ্রাম এবং মোট আসামী গ্রেফতার করা হয়েছে ১৮ জন।<br>সভাপতি অপরাধ দমনে সর্বাত্নক প্রচেষ্টা অব্যাহত রাখার জন্য আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | চাঞ্চল্যকর বা সরকার বিরোধী কোন অপরাধ অথবা অন্য যেকোন ধরনের অপরাধ সংঘটিত হলে এবং সে ব্যাপারে দ্রুত ব্যবস্থা গ্রহণের নিমিত্ত ইউপি চেয়ারম্যানগণকে তাৎক্ষনিকভাবে তথ্য প্রদান করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান (সকল) ইউপি ও অফিসার ইনচার্জ, মেলান্দহ থানা এবং সংশ্লিষ্ট (সকল) |

| মাসের নাম | ডাকাতি | চাঁদাবাজি | ছিনতাই | খুন | মাদক | আহত | অবৈধ অস্ত্র উদ্ধার | সম্পত্তির ক্ষতি সাধন | অপহরণ | রাহাজানি/দস্যুতা | প্রানহানি/অপমৃত্যু | ধর্ষণ | চোরাচালান | নারী ও শিশু নির্যাতন | দাঙ্গা | চুরি | এসিড আইন | অন্যান্য | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| জুন | -- | -- | -- | -- | ৫ | -- | -- | -- | - | -- | -- | - | - | ০৫ | - | ৩ | -- | ৮ | ২১ |
| মে | -- | -- | - | ১ | ৩ | -- | -- | -- | ১ | -- | -- | ২ | - | --- | - | ২ | - | ১৪ | ২৩ |

আলোচ্যসূচি: ০২

মাদক ও জুয়া পরিস্থিতি পর্যালোচনা:

অত্র উপজেলায় কোন ইউনিয়নে মাদক ও জুয়ার ব্যাপারে কোন অভিযোগ পাওয়া গেলে সাথে সাথে ব্যবস্থা নেওয়া হবে। কেননা মাদক ও জুয়া যুব সমাজের জন্য হুমকি স্বরুপ। সকল ইউনিয়ন চেয়াম্যানগণকে উক্ত ব্যাপারে সতর্ক থাকার পরামর্শ দেয়া হয় এবং কোথাও এমন কোন ধরনের পরিস্থিতির উদ্ভব হলে সাথে সাথে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে জানানোর জন্য অনুরোধ করা হয়।

এ ব্যাপারে বিস্তারিত আলোচনান্তে অফিসার ইনচার্জ মেলান্দহ থানা ও সকল ইউপি চেয়ারম্যানকে প্রয়োজনীয় কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

অফিসার ইনচার্জ মেলান্দহ থানা ও চেয়ারম্যান (সকল) ইউপি

আলোচ্যসূচি: ০৩

**মোবাইল কোর্ট পরিচালনা সংক্রান্ত পর্যালোচনা**

মেলান্দহ উপজেলার মোবাইল কোর্ট আইন ২০০৯ এর তপশিলভুক্ত সকল আইনে মে ২০২৪ ও জুন ২০২৪ মাসের মোবাইল কোর্ট পরিচালনার তুলনামূলক বিবরণী নিম্নরূপ:

| মাসের নাম | কোর্টের সংখ্যা | মামলার সংখ্যা | অর্থদন্ডের পরিমাণ | কারাদন্ডের সংখ্যা |
|---|---|---|---|---|
| জুন | ২২ | ৪২ | ৪১,৯০০ | ০২ |
| মে | ২ | ২ | ১১০০ | ০২ |

সভাপতি ও বিজ্ঞ এক্সকিউটিভ ম্যাজিস্ট্রেট আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখা এবং শিশু খাদ্যে ভেজাল রোধে তফশিলভুক্ত সকল আইনে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত থাকবে বলে জানান এবং সংশ্লিষ্ট সবাইকে নির্দেশনা প্রদান করেন।

আইন-শৃঙ্খলা রক্ষা ও নিয়ন্ত্রণের স্বার্থে তপশিলভুক্ত সকল আইনে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।

উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার (ভূমি) অফিসার ইনচার্জ মেলান্দহ থানা

<table>
<tr>
<td>আলোচ্যসূচি: ০৪</td>
<td>
উপজেলা গ্রাম আদালত ব্যবস্থাপনা সম্পর্কিত আলোচনা:<br><br>
গ্রাম আদালত সম্পর্কে নিম্নলিখিত তথ্য পাওয়া গেছে।<br><br>
<table>
<tr><th>মাসের নাম</th><th>গ্রাম আদালতের সংখ্যা</th><th>পূর্ববর্তী মাসের মামলার জের</th><th>বিবেচ্যমাসে দায়েরকৃত মামলার সংখ্যা</th><th>মোট মামলার সংখ্যা</th><th>বিবেচ্যমাসে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা</th><th>অনিষ্পকৃত মামলার সংখ্যা</th></tr>
<tr><td>জুন</td><td>১১</td><td>১৬</td><td>০৯</td><td>২৫</td><td>০৬</td><td>১৯</td></tr>
<tr><td>মে</td><td>১১</td><td>২০</td><td>০৫</td><td>২৫</td><td>০৯</td><td>১৬</td></tr>
</table>
<br>
সভাপতি ন্যায় বিচারের স্বার্থে গ্রাম আদালতকে অধিকতর সক্রিয় করা, আইন মেনে গ্রাম আদালত পরিচালনা করা ও সঠিকভাবে মামলার রেকর্ড সংরক্ষণ করার বিষয়ে এবং গ্রাম আদালত পরিচালনায় চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), এর তৎপরতা বৃদ্ধির অনুরোধ করেন।
</td>
<td>গ্রাম আদালতকে অধিকতর সক্রিয় করা, আইন মেনে গ্রাম আদালত পরিচালনা করা ও সঠিকভাবে মামলার রেকর্ড সংরক্ষণ করার বিষয়ে গ্রাম আদালত নিয়মিত মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা নির্বাহী অফিসার<br>অফিসার ইন-চার্জ<br>মেলান্দহ থানা<br>চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| আলোচ্যসূচি: ০৫ | **বালু ও মাটি ব্যবস্থাপনায় আইন-শৃঙ্খলা সম্পর্কিত আলোচনা:**<br><br>জনাব মো: আলী জিন্নাহ, সাধারণ সম্পাদক, বাংলাদেশ আওয়ামী লীগ, মেলান্দহ উপজেলা শাখা বলেন, উন্নয়ন কর্মকান্ডের স্বার্থে বালুর দরকার হয়। অত্র উপজেলায় বালু মহাল ইজারা প্রদানের ব্যবস্থা না থাকায় অনেকটা বিড়ম্বনায় পড়তে হয়। তাই বালু মহাল সৃজনের ব্যবস্থা গ্রহণ করার জন্য তিনি অনুরোধ জানান।<br><br>সভাপতি ও নির্বাহী ম্যাজিস্ট্রেট বলেন অবৈধভাবে বালু উত্তোলন বন্ধে প্রশাসনের কড়া নজরদারী রয়েছে। কেউ যদি আইন অমান্য করে অবৈধভাবে বালু উত্তোলন করে তবে আইনমোতাবেক মোবাইল কোর্টের মাধ্যমে জেল জরিমানা অব্যহত থাকবে।<br><br>মোবাইল কোর্ট এর পাশাপাশি নিয়মিত মামলা দায়ের করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। | ১।অবৈধ ড্রেজারের বিরুদ্ধে জরুরি ভিত্তিতে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখা এবং বালু পাচার বন্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২। ইট ভাটায় মাটির জন্য কৃষি জমি বিনষ্ট করে উপরের স্তরের মাটি (Top Soil) ব্যবহার বন্ধ করতে মোবাইল কোর্ট পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার (ভূমি) অফিসার ইনচার্জ মেলান্দহ থানা |
| আলোচ্যসূচি: ০৬ | **সরকারি ও বেসরকারি ক্লিনিক/হাসপাতাল সম্পর্কে আলোচনা:**<br><br>সভাপতি জানান, উপজেলায় অবস্থিত অবৈধ, ভূয়া ও লাইসেন্সবিহীন বেসরকারী ক্লিনিক/ডায়াগস্টিক সেন্টারকে দ্রুত লাইসেন্স গ্রহণ এবং পুরাতন লাইসেন্স নবায়ন করার জন্য সতর্ক করা হচ্ছে এবং<br><br>উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি, মেলান্দহ বিভিন্ন সরকারি-বেসরকারী হাসপাতালে এবং স্কুলের সামনে ধুমপান করা ও ধুমপান সামগ্রী বিক্রয় বন্ধে একটি কমিটি গঠন করার জন্য অনুরোধ করেন। | অবৈধ, ভূয়া ও লাইসেন্সবিহীন বেসরকারী ক্লিনিক/ডায়াগস্টিক সেন্টারসমূহে অভিযান/পরিদর্শন অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার (ভূমি) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, অফিসার ইনচার্জ মেলান্দহ থানা |
| আলোচ্যসূচি: ০৭ | **নারী ও শিশু নির্যাতন/বাল্যবিবাহ ও ইভটিজিং প্রতিরোধে আলোচনা:**<br><br>মহিলা বিষয়ক কর্মকর্তা জানান গত দুই মাসে কোন বাল্যবিবাহের অভিযোগ আসেনি। যৌন হয়রানি ও বাল্য বিবাহ বন্ধে তৎপরতা অব্যাহত রয়েছে। এপ্রিল ২০২৪ মাসে বাল্য বিবাহের ০১টি এবং নারী নির্যাতনের ০১টি এবং মে ২০২৪ মাসে বাল্য বিবাহের ০১টি এবং নারী নির্যাতনের ০১টি সভা হয়েছে। সভাপতি যৌন হয়রানি ও বাল্য বিবাহ বন্ধে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত থাকবে বলে জানান। | হয়রানি ও বাল্য বিবাহ বন্ধে জনসচেতনতামূলক কর্মসূচি ও মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার (ভূমি), অফিসার ইনচার্জ মেলান্দহ থানা মহিলা বিষয়ক কর্মকর্তা, মেলান্দহ |

| | | | |
|---|---|---|---|
| •আলোচ্যসূচি: ০৮ | বাজার মনিটরিং বিষয়ক আলোচনা:<br><br>সভাপতি প্রতিটি ইউনিয়নে ওএমএস ও ভিজিডি কার্ডধারী উপকারভোগীদের জন্য সুলভ মূল্যে চাল বিতরণের কার্যক্রম পরিদর্শনসহ বাজারে এসব চাল বিক্রয় করছে কিনা তা মনিটরিং এর জন্য আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। | ইউনিয়নে ওএমএস ও ভিজিডি কার্ডধারী উপকারভোগীদের জন্য সুলভ মূল্যে চাল বিতরণের কার্যক্রম পরিদর্শনসহ বাজারে এসব চাল বিক্রয় করছে কিনা তা মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার (ভূমি), অফিসার ইনচার্জ মেলান্দহ থানা মহিলা বিষয়ক কর্মকর্তা, মেলান্দহ |
| আলোচ্যসূচি: ০৯ | বিবিধ:<br>ক) চেয়ারম্যান উপজেলা পরিষদ, মেলান্দহ, জামালপুর সভায় জানান, উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভালো। তবে চুরি আর মাদক বেড়েছে। চুরি আর মাদক প্রতিরোধে তিনি সংশ্লিষ্টদের ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ জানান।<br>খ) জনাব মোহাম্মদ আলী জিন্নাহ, সভাপতি, বাংলাদেশ আওয়ামীলীগ, মেলান্দহ উপজেলা শাখা সভায় জানান, এলাকায় চুরির উপদ্রব বেড়ে গেছে। মাদকের প্রকোপে আমরা উৎকণ্ঠিত। চুরি ও মাদক বন্ধে তিনি পুলিশ প্রশাসনের দৃষ্টি আকর্ষন করেন।<br><br>গ) জনাব মোঃ জিন্নাহ, সাধারণ সম্পাদক, বাংলাদেশ আওয়ামীলীগ, মেলান্দহ উপজেলা শাখা সভায় জানান, উপজেলার সার্বিক চিত্র মোটামুটি ভালো। তবে চুরি আর মাদক থেকে আমরা রেহাই পাচ্ছি না। চুরি ও মাদকের ব্যাপারে সচেতনতাসহ তিনি পুলিশ প্রশাসনের সহযোগিতা কামনা করেন।<br><br>ঘ) চেয়ারম্যান, ৭নং চরবাণিপাকুরিয়া ইউনিয়ন পরিষদ সভায় জানান, গ্রাম আদালতের মাধ্যমে এলাকার অনেক অভিযোগ, বিরোধ নিষ্পত্তি করা হয়। গ্রাম আদালতের কার্যক্রম আরও সক্রিয় করণের জন্য তিনি প্রশাসনেরর সহযোগিতা কামনা করেন।<br><br>চ) জনাব শাহ জামাল, সভাপতি, রিপোর্টার্স ইউনিট, মেলান্দহ, সভায় জানান, অত্র উপজেলায় চোরের উপদ্রব যথারীতি বেড়েছে। অটোরিক্সা, অটোরিক্সার ব্যাটারী এবং গরু চুরির ঘটনায় নিম্নস্তরের দিনমজুরীরা আতংকিত। এ ব্যাপারে তিনি প্রশাসনের দৃষ্টি আকর্ষন করেন।<br>ছ) জনাব দিলরুবা ইয়াসমীন রুমা, সাধারণ সম্পাদক, মেলান্দহ প্রেসক্লাব সভায় জানান, ভেজাল খাদ্যে বাজার সয়লাব। শাহাজাতপুর এলাকায় আলিমুদ্দিন তেলের মিলে বোতলের গায়ে নকল বিএসটিআই এর লোগো লাগিয়ে তেল বিক্রয় হয়। তিনি বলেন, হাসপাতালে রোগীরা সেবা পাচ্ছে না। পর্যাপ্ত ডাক্তার নাই, এম্বুলেন্স নাই। রোগীদের অবস্থা খুবই সংকটাপন্ন। এ ব্যাপারে তিনি প্রশাসনের দৃষ্টি আকর্ষন করেন। | মোবাইল কোর্ট পরিচালনাপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি) এবং অফিসার ইনচার্জ মেলান্দহ থানা ও চেয়ারম্যান (সকল) ইউপি |

| | | | |
|---|---|---|---|
| | জ) জনাব, মুস্তাছিম বিল্লাহ, যায়যায়দিন পত্রিকার সাংবাদিক বলেন, এখন বর্ষার মৌসুমে উপজেলার প্রতিটি জলাশয় পানিতে পরিপুর্ণ। এসব জলাশয়গুলোতে এই সময়ে দেশীয় প্রজাতির মাছগুলো বংশ বিস্তার করে থাকে। কিন্তু জলাশয় গুলোতে নিষিদ্ধ চায়না দুয়ারী জাল ও কারেন্ট জালের ব্যবহার প্রচুর বৃদ্ধি পেয়েছে। ফলে দেশীয় প্রজাতির মাছ বংশ বিস্তার করতে পারছে না। সেই সাথে এসব চায়না দুয়ারী জালগুলোতে বিভিন্ন জলজ প্রাণী আটকা পরে নিধন হচ্ছে যা পরিবেশের জন্য একটি বড় হুমকি হয়ে দাড়িয়েছে। উপজেলার বিভিন্ন বাজারগুলোতে এসব চায়না দুয়ারী জাল অবাধে বিক্রি হচ্ছে। চায়না দুয়ারী জালের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহন জরুরি।<br><br>সভাপতি মোবাইল কোর্টের মাধ্যমে ব্যবস্থা গ্রহণ করা হবে বলে জানান। | | |

পরিশেষে সভায় আলোচ্য আর কোন বিষয় না থাকায় উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা ও সজাগ দৃষ্টি রাখাসহ সবাইকে শুভেচ্ছা ও শুভকামনা জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

মাহবুবা হক
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন শৃঙ্খলা কমিটি
মেলান্দহ, জামালপুর।
মোবাইল নম্বর : ০১৭০৯৯৭০১৭০
ই-মেইল : unomelandah@gmail.com
৩০/০৬/২৪

স্মারক নং ০৫.৪৫.৩৯৬১.৪৫৫.৪৩.০০১.২৪- ৫৯২

তারিখ : ৩০-০৬-২০২৪ খ্রি.

অনুলিপি : বিতরণ সদয় জ্ঞাতার্থে /কার্যার্থে :

০১। আলহাজ্ব মির্জা আজম, এমপি, মাননীয় সংসদ সদস্য ও সভাপতি, সংসদীয় স্থায়ী কমিটি, বস্ত্র ও পাট মন্ত্রণালয়।
০২। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর।
০৩। পুলিশ সুপার , জামালপুর।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেলান্দহ, জামালপুর।
০৫। জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, জামালপুর।
০৬। ........................................................ সম্মানিত সদস্য (সকল), উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি, মেলান্দহ, জামালপুর।
০৭। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
মেলান্দহ, জামালপুর।
৩০/০৬/২৪